

# ভীতু ভূত!

[BlackHash.weebly.com](http://BlackHash.weebly.com)

অনেক কাল আগে এক গ্রামে এক নাপিত থাকতো। সে প্রত্যেকদিন কাজের সন্ধ্যানে বের হতো আর রাতে খালি হাতে ফিরত। এভাবে দিন কাটতে লাগল।

একদিন নাপিতের বউ নাপিতের অপর খুব রাগ হল। সে বলতে লাগলো, কোনদিনও আমি ভালভাবে খেতে পারি না। তুমি কি একদিনও একটাও খন্দের পাওনা! তোমার কারণে আমাকে না খেয়ে মরতে হচ্ছে। এভাবে আর কতদিন?

এভাবে নাপিতের বউ নাপিতকে প্রত্যেকদিন নানা কথা বলত। একদিন নাপিত রাগ হয়ে ঘর থেকে বের হয়ে গেল আর প্রতিজ্ঞা করল, কিছু টাকা পয়সা না জমাতে পারলে ঘরে ফিরবে না। এরকম নাপিত চিন্তা করতে লাগল আর হাটতে লাগল। হাটতে হাটতে সন্ধ্যা হয়ে গেল। হাটতে হাটতে কোন সময় যে নাপিত একটা জঙ্গলের ভেতর ঢুকে পরেছে সে নিজেও জানে না। সে হঠাৎ চোখ তুলে তাকিয়ে দেখতেই বুঝতে পারল যে সে জঙ্গলের অনেক ভেতরে ঢুকে পড়েছে। আর এখন রাত হতেও শুরু করেছে এখন সে কি করবে।

গ্রামের মানুষরা বলে, রাতে নাকি এই জঙ্গলে একটা ভূত ঘোরাঘুরি করে! ভূতের কথা চিন্তা করতেই নাপিতের গা ছমছম করতে লাগল!

এই রাতে সে জঙ্গলে একা একা কি করবে? আবার যদি কোনও ভূত তাকে দেখে ফেলে! তাহলে তো তার গর্দান যাবে। নাপি এসব একটা গাছের নিচে বসে চিন্তা করছিল। ঠিক সেই গাছের ডালে একটা ভূত থাকতো। ভূতটা চিন্তা করল এর সাথে একটা মজা করা যাক।

নাপিত যখন গাছের নিচে বসে থরথর করে কাঁপছিল তখন ভূতটা তার পা ইয়া বড় বিশাল করে নাপিতের সামনে রাখল। নাপিতের সেটা দেখেই অজ্ঞান হয়ে যাবার অবস্থা। ভূতটা আবার তার

মাথা টা নিয়ে নাপিতের সামনে গেল। আর মাথাটা চাকার মত ঘোরাতে লাগল। এবার নাপিত সত্যি সত্যি অজ্ঞান হয়ে যাবে সে সময় ভূত বলল,

এই বাছাধন! তুই এখানে কি করছিস? এখন আমি তোঁর মাথা কেটে ফেলবো।

সেই সময় নাপিত প্রচণ্ড ভয় পেয়েছে ঠিকই কিন্তু সে তার বুদ্ধি হারায়নি। সে তখন ভূতকে বলল, কি তোঁর এত বড় সাহস! আমি ভূত ধরে এই ব্যাগে ভরে রাখি। দেখ! এই বলে নাপিত তার ব্যাগ থেকে একটি আয়না বের করে ভূতের সামনে ধরল। ভূত আয়নাতে নিজের চেহারা দেখে মনে করল, ওরে বাপ! এত দেখি সত্যি সত্যি ভূত ধরেছে। এখন কি আমাকেও ধরবে নাকি?

নাপিতঃ এই পেয়েছি এবার আমি তোকেও এই ব্যাগে ভরে রাখব।

ভূতঃ দয়া করুন প্রভু আমাকে ওই ব্যাগে ভরে রাখবেন না। আপনি যা চান আমি তাই করব আমি আপনার গোলাম হয়ে যাব। দয়া করুন আমাকে বন্দি করবেন না।

নাপিতঃ সত্যি আমি যা বলবো তুই তাই করবি?

ভূতঃ হ্যাঁ প্রভু করব। অবশ্যই করব।

নাপিতঃ ঠিক আছে। তাহলে এখন আমাকে আমার বাড়ি পৌঁছে দে।

ভূতঃ ঠিক আছে হুজুর। আপনি আমার পিঠে চড়ে বসুন। আমি বাড়ি পৌঁছায় দিচ্ছি।

এভাবে, ভূত নাপিতকে তার বাড়ি পৌঁছে দিল। আর নাপিতের আদেশ মত ভূতকে নাপিত যা যা বলল সে তাই করল। নাপিতকে সে একটা বিশাল বড় বাড়ি করে দিল, অনেক জমিজমা করে দিল। এখন নাপিত সুখে সান্ত্বিতে বসবাস করে।

দেখলে তো বন্ধুরা, বোকা ভূতের কাণ্ড।

তোমরা চাইলে এরকম আরও সুন্দর সুন্দর গল্প ও কমিক পেতে পার [blackhash.weebly.com](http://blackhash.weebly.com) এই ঠিকানায়।

ধন্যবাদ।